দৈনিক ইত্তেফাক

তারিখ 12 JAN 2017
পৃষ্ঠা ৩ কলাম ৩

# পাঠ্যবইয়ে ভুলের প্রতিবাদে ছাত্রফ্রন্টের বিক্ষোভ

■ ইত্তেফাক রিপোর্ট

ভুলে ভরা পাঠ্যপুস্তক প্রণয়নের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ করেছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। গতকাল বুধবার মতিঝিলে পাঠ্যপুস্তক বোর্ডের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। এর আগে সকাল সাড়ে ১১টার দিকে জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে মিছিল নিয়ে মতিঝিলের উদ্দেশে রওনা দেয় ছাত্রফ্রন্টের নেতা-কর্মীরা।

সমাবেশে বক্তারা বলেন, মুক্তিযুদ্ধের আকাঙ্ক্ষা ছিল সবার মর্যাদা ও সম্মান নিয়ে বেঁচে থাকার দেশ হবে বাংলাদেশ। শিক্ষা হলো সেই স্বপ্নের বাংলাদেশ গড়ে তোলার অন্যতম বাহন। কিন্তু সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গিতে প্রণীত, লৈঙ্গিক-বৈষম্যমূলক, প্রগতিশীল-মুক্তমনা লেখকদের লেখা বাদ দিয়ে সাম্প্রদায়িক বিষয় যুক্ত করে কোমলমতি শিশুদের সাম্প্রদায়িক বৈষম্যমূলক মনন জগৎ তৈরি করা হচ্ছে; যা আমাদের মহান মুক্তিযুদ্ধের আকাঙ্ক্ষার বিপরীত।

সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি ইমরান হাবিব রুমনের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক নাসির উদ্দিন প্রিন্স, দফতর সম্পাদক শ্যামল বর্মণ, অর্থ সম্পাদক রোখসানা আফরোজ আশা, স্কুল সম্পাদক সজৈল বাড়ৈ, ঢাকা নগরের সাধারণ সম্পাদক মুক্তা বাড়ৈ, হয়রত আলী রাজীব, রিয়াজ মাহম্মদ প্রমুখ।